বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কর্মচারী পরিদপ্তর
ওয়াপদা ভবন (৫ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা।
www.bpdb.gov.bd
☏: ০২-২২৩৩৫৪৬১৮

নম্বর-২৭.১১.০০০০.২১০.২৩.০০১.২৪-২৩৪ তারিখঃ ৩০ শ্রাবণ ১৪৩১ / ১৪ আগষ্ট ২০২৪

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীনে রাজস্বখাতভুক্ত **"উপসহকারী প্রকৌশলী"** পদে নিম্নবর্ণিত শর্তে অস্থায়ীভিত্তিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে **Online**-এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| পদেন নাম ও বেতন স্কেল | পদ সংখ্যা | ন্যুনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| **উপসহকারী প্রকৌশলী**<br>(ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/ইলেকট্রনিক্স/ পাওয়ার/সিভিল)<br>টাঃ ১৬,০০০ - ৩৮,৬৪০/-<br>(জাতীয় বেতন স্কেল/২০১৫, ১০ম গ্রেড) | ৪৯টি (উনপঞ্চাশ) | ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/ইলেকট্রনিক্স/পাওয়ার/সিভিল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা। এসএসসি/ সমমান অথবা ডিপ্লোমা পরীক্ষার যেকোন একটিতে জিপিএ ৩.০০ থাকতে হবে এবং কোন পরীক্ষাতেই জিপিএ ২.২৫ এর নিম্নে নয়। |

শর্তাবলীঃ

১। বোর্ডের অধীনে বিভিন্ন স্থাপনায় বিদ্যমান উপসহকারী প্রকৌশলীর শূন্য পদের বিপরীতে যোগ্য প্রার্থীগণকে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগ দেয়া হবে। এ জন্য তাদেরকে বোর্ড কর্তৃক নির্ধারিত লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হতে হবে। নিয়োগের পর ২(দুই) বছর সময়ের মধ্যে তারা বোর্ড কর্তৃক নির্ধারিত বিভিন্ন প্রশিক্ষণ ও অন্যান্য কর্মসূচীতে অংশগ্রহণ করবেন। উক্ত কর্মসূচীতে অর্জিত ফলাফলের ভিত্তিতে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী তাদেরকে উপসহকারী প্রকৌশলী'র শূন্য পদের বিপরীতে নিয়মিত নিয়োগ প্রদান বোর্ড কর্তৃক বিবেচিত হতে পারে।

২। বর্ণিত পদের জন্য বয়সসীমা ২০.০৮.২০২৪ তারিখে ১৮-৩০(ত্রিশ) বৎসর। বীরমুক্তিযোদ্ধা/শহীদ বীরমুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২(বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। যে সকল প্রার্থী বিদেশ হতে ডিগ্রি অর্জন করেছেন তাদের সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ইকুইভ্যালেন্স প্রত্যয়নপত্র থাকতে হবে।

৪। সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক আবেদন করতে হবে। তবে, সকল চাকরিরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তির (NOC) মূলকপি জমা দিতে হবে।

৫। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য থেকে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রাদির সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে এবং মূলকপি প্রদর্শন করতে হবে।

৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল বিধি-বিধান ও পরবর্তীতে উক্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৭। বীরমুক্তিযোদ্ধা/শহীদ বীরমুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা প্রার্থীগণ সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন। একইসাথে প্রার্থী বীরমুক্তিযোদ্ধা/শহীদ বীরমুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীরমুক্তিযোদ্ধা/শহীদ বীরমুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার /পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র থাকতে হবে।

৮। প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ থাকতে হবে।

৯। অসম্পূর্ণ/ভুল তথ্যসংবলিত আবেদন কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকে বাতিল করা হবে।

১০। উল্লিখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। নিয়োগসংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। আবেদনপত্র, লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষার স্বাক্ষর একই হতে হবে।

১৩। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bpdb.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২০.০৮.২০২৪ সকাল-৯:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৮.০৯.২০২৪ বিকাল-০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

চলমান পাতা-০২

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ**

ক. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB হতে হবে।

খ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

গ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রতিলিপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঘ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:**

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৫৮/-(আটান্ন) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৫৮/-(পাঁচশত আটান্ন) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত **Online** আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহিত হবে না"।

**প্রথম SMS: BPDB**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BPDB ABCDEF

Reply: Applicant's Name, **Tk 558** will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BPDB<Space>Yes<Space>PIN and send to16222.

দ্বিতীয় SMS: **BPDB**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BPDB YES 12345678

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BPDB Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

ঙ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bpdb.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

চ. বিজ্ঞপ্তি সংক্রান্ত বিস্তারিত বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ওয়েবসাইট **www.bpdb.gov.bd** এবং **http://bpdb.teletalk.com.bd** অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল **https:/alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য **www.bpdb.gov.bd** ওয়েবসাইট হতে জানা যাবে।

ছ. **SMS**-এ প্রেরিত **User ID** এবং **Password** ব্যবহার করে পরবর্তীতে রোল, নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্যসংবলিত প্রবেশপত্র প্রার্থী **Download** পূর্বক রঙ্গিন প্রতিলিপি **Print** করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত **SMS** পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ **User ID** এবং **Password** পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: **BPDB**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
   Example: BPDB Help User ABCDEF & send to 16222.

ii. PIN Number জানা থাকলে: **BPDB**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
   Example: BPDB Help PIN 12345678 & send to 16222.

ঝ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল থেকে ১২১ এ কল করে জানা যাবে। এছাড়াও, alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ ফেইজবুক মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail অথবা মেসেজ এর Subject-এ Organization Name 'BPDB', Post Name...., Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ঞ. **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণযোগ্য।

**শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

(মোঃ মঞ্জুর মোর্শেদ)
পরিচালক
কর্মচারী পরিদপ্তর
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা এর ওয়েবসাইটে প্রবেশ এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code